



## ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd

বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/প্রা.পা./২০২৩/১৪১৬৫.১

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
১০ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

ফাজিল (স্নাতক) বি.এ স্তর প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে জিরাট আলিম মাদরাসা, JIRAT ALIM MADRASAH, EIIN: 116058, উপজেলা: যশোর সদর, জেলা: যশোর -এর অধ্যক্ষের ১০.০৮.২০২৩খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিশ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অর্ডিন্যান্সের ক. ৫ (৫.৪) ধারা মোতাবেক ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনের তারিখ ০৬.১১.২০২৪ খ্রি. তারিখ থেকে ০৫.১১.২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত নিম্নোক্ত শর্তে জিরাট আলিম মাদরাসা ০৪ (চার) বছরের জন্য ফাজিল (স্নাতক) বি.এ স্তর প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হল-

### শর্তসমূহ

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ফাজিল স্নাতক (পাস) বি.এ স্তরের কার্যক্রম চালু হবে।
২. ফাজিল স্তরে পাঠদানে অভিজ্ঞ ০২ (দুই) জন শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে।
৩. যাবতীয় আয়-ব্যয় মাসভিত্তিক নিয়মিতভাবে গভর্নিং বডি'র সভায় উপস্থাপন করে অনুমোদন নিতে হবে এবং বার্ষিক বাজেট অর্থ বছরের শুরুতে গভর্নিং বডি কর্তৃক অনুমোদন করাতে হবে।
৪. নিরীক্ষা কমিটি কর্তৃক মাসভিত্তিক বিল ভাউচার যাচাই-বাছাই পূর্বক প্রতি মাসের আয়-ব্যয়ের টপশীটে যৌথভাবে স্বাক্ষর প্রদান করতে হবে এবং ক্যাশ কলামনার বহিতে তা সঠিক প্রক্রিয়ায় সংরক্ষণ করতে হবে। ক্যাশ কলামনার বহির হিসাবের বাইরে কোন ধরনের ব্যয় অনুমোদন করা যাবেনা।
৫. আরবি ও ইংরেজি ক্লাসের সময় সংশ্লিষ্ট ভাষায় লেকচার প্রদান করতে হবে।
৬. শিক্ষক-কর্মচারীদের ছুটির আবেদনপত্র যথাযথভাবে অনুমোদনপূর্বক বছরভিত্তিক আলাদা রেজিস্ট্রার খাতায় লিপিবদ্ধ করতে হবে।
৭. ফাজিল শ্রেণির শিক্ষার্থীদের মাদরাসার ছাত্রাবাসে থাকার ব্যবস্থা করতে হবে।
৮. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

২৫.১১.২৪

(মোঃ আইউব হোসেন)

রেজিস্ট্রার

ও

পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ

জিরাট আলিম মাদরাসা

উপজেলা: সদর, জেলা: যশোর।

স্মারক নং- ইআবি/পরি/ফাজিল প্র.পা./২০২৩/১৪১৬৫.১

তারিখ: ২৫ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ  
১০ নভেম্বর ২০২৪খ্রিস্টাব্দ

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৫। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, জিরাট আলিম মাদরাসা, উপজেলা: যশোর সদর, জেলা: যশোর।
- ৮। অফিস নথি।

১০.১১.২৪

(মোহাম্মদ শরীফুল ইসলাম)

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৮৮১-১১৪৪৮৩